

## ■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৬৩]

৮/ সালাত (الصلاه)

পরিচ্ছেদঃ ২৪৮। শামী জুরুা পরে সালাত আদায় করা।

بَاب الصَّلَاةِ فِي الْجُبَّةِ الشَّامِيَّةِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى، قَالَ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الْأَعْمَشِ، عَنْ مُسْلِمٍ، عَنْ مَسْرُوقٍ، عَنْ مُغِيرَةَ بْنِ شُعْبَةَ، قَالَ كُنْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَفَرٍ فَقَالَ "يَا مُغِيرَةُ، خُذِ الْإِدَاءَةَ". فَأَخَذَتُهَا فَأَنْطَلَقَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى تَوَارَى عَنِي فَقَضَى حَاجَتَهُ، وَعَلَيْهِ جُبَّةُ شَامِيَّةٍ، فَذَهَبَ لِيُخْرِجَ يَدَهُ مِنْ كُمَّهَا فَضَاقَتْ، فَأَخْرَجَ يَدَهُ مِنْ أَسْفَلِهَا، فَصَبَّبَتْ عَلَيْهِ فَتَوَضَّأَ وَضْوَءُهُ لِلصَّلَاةِ، وَمَسَحَ عَلَى خُفَّيْهِ، ثُمَّ صَلَّى.

বাংলা

وَقَالَ الْحَسَنُ فِي الثِّيَابِ يَنْسُجُهَا الْمَجُوسُ لَمْ يَرَ بِهَا بَأْسًا. وَقَالَ مَعْمَرٌ رَأَيْتُ الزُّهْرِيَّ يَلْبَسُ مِنْ ثِيَابِ الْيَمَنِ مَا صُبِغَ بِالْبُولِ. وَصَلَّى عَلَيِّ فِي ثَوْبٍ غَيْرِ مَقْصُورٍ

হাসান (রহঃ) বলেনঃ মাজুসী (অশ্বিপুজক)-দের তৈরি কাপড়ে সালাত আদায় করার কোন ক্ষতি নেই। আর মামার (রহঃ) বলেনঃ আমি যুহরী (রহঃ)-কে ইয়ামানের তৈরি কাপড়ে সালাত আদায় করতে দেখেছি, যা পেশাবের (কাপড় ধৌত করার পরও পেশাবের দাগ যায়নি এমন কাপড়) দ্বারা রঞ্জিত ছিল। আলী ইবন আবু তালিব (রাঃ) অধোয়া নতুন কাপড়ে সালাত আদায় করতেন।

৩৫৬। ইয়াহইয়া (রহঃ) .... মুগীর ইবনু শু'বা থেকে বর্ণিত, তিনি বলেনঃ আমি কোন এক সফরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে ছিলাম। তিনি বললেনঃ হে মুগীরা! লোটাটি লও। আমি তা নিলাম। তিনি আমার দৃষ্টির বাইরে গিয়ে প্রয়োজন সমাধা করলেন। তখন তাঁর দেহে ছিল শামী জুরুা। তিনি জুরুার আস্তিন থেকে হাত বের করতে চাইলেন। কিন্তু আস্তিন সংকীর্ণ হওয়ায় তিনি নিচের দিক দিয়ে হাত বের করলেন। আমি পানি ঢেলে দিলাম এবং তিনি সালাতের উয়ুর ন্যায় উয়ু (ওজু/অজু/অযু) করলেন। আর তাঁর উভয় মোজার উপর মাসেহ করলেন ও পরে সালাত (নামায/নামাজ) আদায় করলেন।

## English

Narrated Mughira bin Shu'ba: Once I was traveling with the Prophet and he said, "O Mughira! take this container of water." I took it and Allah's Apostle went far away till he disappeared. He answered the call of nature and was wearing a Syrian cloak. He tried to take out his hands from its sleeve but it was very tight so he took out his hands from under it. I poured water and he performed ablution like that for prayers and passed his wet hands over his Khuff (leather socks) and then prayed .

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরাক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=366>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন